

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 27-01-2026  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ দক্ষিণ জেলায় কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।
- (২) কেন্দ্রীয় সরকার ত্রিপুরা সহ আরো কয়েকটি রাজ্যের শত্রু সম্পত্তি ই-নিলামের মাধ্যমে বিক্রির উদ্যোগ নিয়েছে।
- (৩) ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন আজ মুক্ত বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে।
- (৪) আগামীকাল সংসদের বাজেট অধিবেশন শুরু হচ্ছে ।

\*\*\*\*\*

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ দক্ষিণ জেলার সাক্রম মহকুমা হাসপাতালে নবনির্মিত ব্লাড সেন্টার ও ভার্চুয়াল মাধ্যমে পশ্চিম জলেফায় সমন্বিত আয়ুষ হাসপাতালের উদ্বোধন এবং সাক্রম অগ্নি নির্বাপক কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, বিধায়ক মাইলাফু মগ প্রমুখ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মান উন্নত হওয়ার ফলে, রাজ্যের রোগীদের বাইরে যাওয়ার প্রবণতা কমে গেছে। কর্পোরেট স্টাইলে আগরতলায় সুপার স্পেশালিটি হাসপাতাল তৈরি করা হয়েছে। এপর্যন্ত রাজ্যে ৫ জন রোগীর কিডনি প্রতিস্থাপন করা হয়েছে। কিডনি দাতা - গ্রহীতা সকলেই ভালো আছেন।

এদিকে আজ সাক্রম মহকুমা হাসপাতালে ব্লাড সেন্টারে আয়োজিত রক্তদান শিবিরে ৩৫ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

মুখ্যমন্ত্রী আজ জোলাইবাড়ির উত্তর হিচাছড়া ও সাক্ষর বিধানসভার শ্যামসিং স্কুল মাঠে দুইটি দলীয় সভায়ও বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

## **E-AUCTION :**

কেন্দ্রীয় সরকার ত্রিপুরা, উত্তরপ্রদেশ, বিহার, আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ারের ৩২টি শত্রু সম্পত্তি ই-নিলামের মাধ্যমে বিক্রির উদ্যোগ নিয়েছে। এই ই-নিলাম আগামীকাল ২৮ জানুয়ারি কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা এম.এস.টি.সি.'র প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে। ত্রিপুরার ক্ষেত্রে ৪টি স্থানে ই-নিলামের সম্পত্তি রয়েছে। পশ্চিম জেলায় উত্তর চাম্পামুড়া, বৃদ্ধিনগর ও জয়নগরে। এই ই-নিলাম সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রকের অধিকর্তা ভি, সত্যনারায়ণা নায়ার।

#### Byte-Satyanarayana Nair ####

\*\*\*\*\*

## **BV G RAM G :**

বিকশিত ভারত জি রাম জি ১২৫ দিন গ্রামীণ রোজগারের নতুন গ্যারান্টির জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানিয়ে আজ গোমতি জেলা ভিত্তিক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বি ভি জি রাম জী আইনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, এম ডি সি শিব সাং কাইপেং, ত্রিপুরা চা নিগমের চেয়ারম্যান সমর ঘোষ, বিজেপি জেলা সভানেত্রী সবিতা নাগ, সাধারণ সম্পাদক উত্তম দে প্রমুখ।

\*\*\*\*\*

## **Rajib Bhattacharya :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলা পুর নিগমের পূর্ব জোনের অন্তর্গত ধলেশ্বর দেবেন্দ্র রোডে প্রায় ৫৮ লক্ষ টাকা ব্যয়ে পার্ক নির্মাণের ভূমিপূজন

ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন আগরতলার পুরমেয়র, বিধায়ক দীপক মজুমদার সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। সাংসদ শ্রী ভট্টাচার্য বলেন এই উদ্যোগ স্থানীয় জনগণের পাশাপাশি শিশুদের জন্য নিরাপদ খেলাধুলা ও আনন্দের একটি সুন্দর পরিসর গড়ে তুলবে। একইসঙ্গে বিনোদন ও সামাজিক মিলনমেলার কেন্দ্র হিসেবে এলাকাটিকে আরও সুন্দর ও প্রাণবন্ত করে তুলবে। তিনি বলেন যে কেন্দ্রীয় এবং রাজ্য সরকার উভয়ই জনগণের কল্যাণের জন্য অক্লান্ত পরিশ্রম করছে।

\*\*\*\*\*

### **GMP :**

ত্রিপুরা উপজাতি গণমুক্তি পরিষদের সাধারণ সম্পাদক রাধাচরণ দেববর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন আগামী ২৯ ও ৩০শে জানুয়ারি উপজাতি গণমুক্তি পরিষদের ২৩তম কেন্দ্রীয় সম্মেলন আগরতলা টাউন হলে অনুষ্ঠিত হবে। সম্মেলন উপলক্ষে ২৯শে জানুয়ারি আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে প্রকাশ্য সমাবেশ হবে। আরও জানানো হয়, সিপিআইএম পলিটবুরোর সদস্য বৃন্দা কারাত সমাবেশে উপস্থিত থাকবেন।

\*\*\*\*\*

### **Bank Strike :**

সপ্তাহে পাঁচদিন কাজের দাবিতে ইউনাইটেড ফোরাম অফ ব্যাঙ্ক ইউনিয়নসের ডাকে আজ রাজ্যেও ধর্মঘট পালন করছেন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাঙ্কের কর্মচারীরা। ইউনাইটেড ফোরাম অব ব্যাংক ইউনিয়নস-এর অন্তর্ভুক্ত নয়টি ইউনিয়ন ও অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে ২৬শে জানুয়ারি মধ্যরাত থেকে আজ মধ্যরাত পর্যন্ত দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। ইন্ডিয়ান ব্যাংকস অ্যাসোসিয়েশনের সঙ্গে স্বাক্ষরিত সমঝোতা অনুযায়ী ব্যাঙ্কিং ক্ষেত্রে পাঁচ দিনের কর্মসম্প্রহ চালু করা এবং বাকি শনিবারগুলিকে ব্যাঙ্ক ছুটি ঘোষণা-সহ একাধিক দাবিতে এই ধর্মঘট ডাকা হয়েছে। ব্যাঙ্ক ধর্মঘট চললেও এটিএম এবং অনলাইন ব্যাঙ্কিং পরিষেবা চালু রয়েছে।

\*\*\*\*\*

## CRPF :

সিআরপিএফের ১২৪ নম্বর ব্যাটেলিয়ানের উদ্যোগে আজ পশ্চিম জেলার হেজামারার কাশুছড়া এসবি স্কুল মাঠে সিভিক অ্যাকশন অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের হাতে শিক্ষামূলক সামগ্রী সহ যুবকদের খেলাধুলার সামগ্রী দেওয়া হয়। সিআরপিএফের কমান্ডেন্ট রবিশ কুমার বলেন, শান্তি শৃঙ্খলা রক্ষার পাশাপাশি সামাজিক দায়িত্ব হিসেবে এলাকার জনগণের সাংস্কৃতিক, মানসিক এবং দৈহিক বিকাশে বাহিনী বিশেষ ভূমিকা রাখে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিআরপিএফের আগরতলা অঞ্চলের ডিআইজি হেনজাং, মোহনপুর মহকুমার এসডিপিও সব্যসাচী দেবনাথ, হেজামারার জওহর নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ শংকর কাটারিয়া প্রমুখ।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## India & EU trade deal :

ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন আজ মুক্ত বাণিজ্য চুক্তি চূড়ান্ত করেছে। নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ইউরোপীয় কাউন্সিলের সভাপতি আন্তোনিও

কস্টা এবং ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডের লিয়েনের মধ্যে একটি প্রতিনিধি পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ভারত এবং ইউরোপীয় ইউনিয়ন আজ বাণিজ্য, নিরাপত্তা, প্রতিরক্ষা অংশীদারিত্ব, গতিশীলতা, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা এবং সবুজ হাইড্রোজেনের ক্ষেত্র সহ সাতটি চুক্তি বিনিময় করেছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ভারত ও ইউরোপীয় ইউনিয়নের সম্পর্ক আরও জোরদার হয়েছে এবং সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছেছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত আজ ২৭টি দেশের ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে তার বৃহত্তম মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে। তিনি বলেন, এটি বিনিয়োগ বৃদ্ধি করবে, নতুন উদ্ভাবনী অংশীদারিত্ব তৈরি করবে এবং বিশ্ব পর্যায়ে সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করবে।

#####Byte-President#####

এর আগে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডের লেইন এই চুক্তিকে সকল চুক্তির মাতা হিসেবে অভিহিত করেছেন। ইউরোপীয় কাউন্সিলের সভাপতি আন্তোনিও কস্টা এই চুক্তি স্বাক্ষরকে একটি ঐতিহাসিক মুহূর্ত বলে অভিহিত করেছেন। তিনি বলেন, ইউরোপীয় ইউনিয়ন এবং ভারত উভয়ই একটি নতুন অধ্যায় শুরু করেছে।

ইউরোপীয় কমিশনের সভাপতি উরসুলা ভন ডের লেইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ব্যতিক্রমী আতিথেয়তার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি হতে পারাটা সম্মানের। তিনি বলেন, ভারত উত্থিত হয়েছে, এবং ইউরোপ এতে সত্যিই আনন্দিত। তিনি বলেন, যখন ভারত সফল হয়, তখন বিশ্ব আরও স্থিতিশীল, সমৃদ্ধ এবং নিরাপদ হয়।

উল্লেখ্য, ইউরোপীয় ইউনিয়ন ভারতের পণ্যের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। ২০২৪-২৫ অর্থবছরে, ইইউর সঙ্গে ভারতের মোট পণ্য বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ১৩৬ বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে রপ্তানি প্রায় ৭৬ বিলিয়ন মার্কিন ডলার এবং আমদানি ৬০ বিলিয়ন মার্কিন ডলার।

\*\*\*\*\*

## **Halwa ceremony, Budget :**

সংসদের বাজেট অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। চলবে দোসরা এপ্রিল পর্যন্ত। নতুনদিল্লিতে আজ হালুয়া অনুষ্ঠানের মাধ্যমে ২০২৬-২৭ সালের

কেন্দ্রীয় বাজেট প্রস্তুতির চূড়ান্ত পর্যায়ে সূচনা হয়েছে। অর্থ মন্ত্রক জানিয়েছে যে অনুষ্ঠানে অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে মন্ত্রকের অধীনস্থ সকল বিভাগের সচিব এবং বাজেট প্রস্তুতির সঙ্গে জড়িত অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। আরও বলা হয়েছে যে অর্থমন্ত্রী বাজেট প্রেসও পরিদর্শন করেছেন এবং প্রস্তুতি পর্যালোচনা করেছেন, পাশাপাশি পুরো বাজেট টিমকে শুভেচ্ছা জানিয়েছেন। কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ ১ ফেব্রুয়ারি পেশ করা হবে।

\*\*\*\*\*

### **All Party Meeting :**

সংসদের বাজেট অধিবেশনের আগে আজ সংসদ ভবন কমপ্লেক্সে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংহের সভাপতিত্বে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। রাজ্যসভার নেতা জেপি নাড্ডা, কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এবং ডঃ এল মুরুগান বৈঠকে উপস্থিত ছিলেন। কংগ্রেস নেতা জয়রাম রমেশ, দ্রাবিড় মুন্নেত্রা কাকাগমের নেতা তিরুটি শিবা, তৃণমূল কংগ্রেস নেত্রী সাগরিকা ঘোষ এবং সমাজবাদী পার্টির সাংসদ রামগোপাল যাদব সহ অন্যান্যরাও বৈঠকে উপস্থিত ছিলেন। বৈঠকের পর সংবাদমাধ্যমের সাথে কথা বলতে গিয়ে কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, বাজেট অধিবেশনের প্রথম পর্বে রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাব পেশ করা হবে এবং পরে উভয় কক্ষেই বাজেটের উপর আলোচনা হবে। শ্রী রিজিজু অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনায় সকল দলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেছেন। উল্লেখ্য, সংসদের বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হবে এবং দোসরা এপ্রিল পর্যন্ত চলবে।

\*\*\*\*\*

### **Governor :**

আজ সন্ধ্যায় আগরতলার লোক ভবনে মকর সংক্রান্তি উদযাপন উপলক্ষে 'সংক্রান্তি সাম্ভারালু ২০২৬' শীর্ষক একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্বোধনী ভাষণে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগরতলায় বসবাসকারী তেলুগুভাষীদের ধন্যবাদ জানান। রাজ্যপাল অনুষ্ঠানে উপস্থিত আমন্ত্রিত অতিথিদের সঙ্গে কথা বলেন। এই উপলক্ষে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

\*\*\*\*\*

### **Water Conservation :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল বলেছেন যে সরকার সারা দেশে জল সংরক্ষণের জন্য ৩২ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে।

নতুনদিল্লিতে ওয়াটার এন্ড ওয়াশ ওয়ারিয়র্সের সঙ্গে আলাপকালে শ্রী পাতিল এই মন্তব্য করেন। তিনি উল্লেখ করেন যে মনরেগা তহবিলের ৬৫% জল সংরক্ষণ বা জল-সম্পর্কিত কাজের জন্য গুরুত্বপূর্ণ অঞ্চলে ব্যবহার করা হবে। নদী সংরক্ষণ সম্পর্কে, শ্রী পাতিল বলেন যে নমামি গঙ্গে মিশনের অধীনে এই বছর ১৫টি দূষণ হ্রাস প্রকল্প সম্পন্ন হয়েছে।

এই উপলক্ষে, মন্ত্রী জলজ জীবিকা মিশনের অধীনে ২৫টি নতুন কেন্দ্র উদ্বোধন করেন, যার ফলে মোট কেন্দ্রের সংখ্যা ৫১টিতে দাঁড়ালো, আরও ২৪টি কেন্দ্রের পরিকল্পনা করা হয়েছে, যা নদী সংরক্ষণকে জীবিকা নির্বাহের সাথে সংযুক্ত করবে।

\*\*\*\*\*

### **AIKS Deputation :**

কৃষকদের কাছ থেকে দ্রুত ধান ক্রয় শুরু করা, ২০২৪ সালের অগাস্ট মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত প্রকৃত কৃষকদের ক্ষতিপূরণ প্রদান, ক্ষতিপূরণ পাওয়া কৃষকদের নামের তালিকা এবং কৃষকদের চাহিদা মত সার ঔষধ ও কৃষি যন্ত্রপাতি প্রদান সহ ৬ দফা দাবিতে আজ সারা ভারত কৃষকসভার দক্ষিণ জেলা কমিটির এক প্রতিনিধি দল জেলা কৃষি উপ অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করেন। প্রতিনিধি দলে ছিলেন সংগঠনের জেলা সম্পাদক বাবুল দেবনাথ, প্রাক্তন বিধায়ক বাসুদেব মজুমদার, শ্রীমন্ত দে প্রমুখ।

\*\*\*\*\*

### **Under-15 Cricket :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব-১৫ ক্রিকেট টুর্নামেন্টের ১৫তম ম্যাচে মুহুরীপুর জন কল্যান সমিতি ৭৪ রানে বাইথোড়ার গুরুজী সেবা সমিতি ক্রিকেট কোচিং সেন্টারকে পরাজিত করেছে। আজ বাইথোড়া মাঠে অনুষ্ঠিত ম্যাচে টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে বিজয়ী দল ১৭০ রানে অলআউট হয়ে যায়। জবাবে খেলতে নেমে গুরুজী সেবা সমিতি ক্রিকেট কোচিং সেন্টার ৯৬ রান করে। বিজয়ী দলের পক্ষে অরবিন্দ যোগী সর্বোচ্চ ৩৩ রান করে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৭ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*